দৈনিক ইত্তেফাক

তারিখ 30 DEC 1992
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

২৮

# প্রাথমিক শিক্ষায় স্থবিরতা

শাহজাহান সরদার ॥ দেশের প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে স্থবিরতা বিরাজ করিতেছে। গবেষক ও প্রাথমিক শিক্ষার সহিত সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তাগণের মতে কতিপয় ক্ষেত্রে শিক্ষকদের পেশাগত দায়িত্ব পালনে অনীহা ও বিদ্যালয়ে অনুপস্থিতি, মাঠ পর্যায়ে তদারকীর কাজে নিযুক্ত কর্মকর্তাগণের দায়িত্ব সম্পর্কে সচেতনতার অভাব ও ব্যর্থতা, প্রাথমিক বিদ্যালয়ে অনিয়মিত ক্লাস ও ক্লাসে লেখাপড়া শেখাইবার সময়ের স্বল্পতা, ছাত্র-ছাত্রীদের স্কুল ত্যাগ, স্কুল ম্যানেজিং কমিটি ও শিক্ষক, অভিভাবকদের ( ২য় পৃঃ দ্রঃ)

## প্রাথমিক শিক্ষায়

( ১ম পৃঃ পর )

নিষ্ক্রিয়তা, অভিভাবক সমাজের বিদ্যানুরাগী ব্যক্তি ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানের জনপ্রতিনিধিদের প্রাথমিক শিক্ষার সহিত সম্পৃক্ততার অভাব এই স্থবিরতার কারণ। ইহাছাড়া অবকাঠামোগত শিক্ষা উপকরণের অপ্রতুলতাসহ অন্যান্য কিছু সমস্যা আছে যাহা দেশের আর্থিক অবস্থা ও বিদেশী আর্থিক সহায়তার সহিত সম্পর্কিত।

প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ এ স্থবিরতার কথা তুলিয়া ধরিয়া বলিয়াছে, বিদ্যমান অবকাঠামোর মধ্যেই সামাজিক সম্পৃক্ততা সৃষ্টি করিয়া প্রাথমিক ও গণশিক্ষা ক্ষেত্রে কিভাবে গতিশীলতা আনয়ন করা যায় সে বিষয়ে কৌশল নির্ধারণ করিতে হইবে।

প্রাথমিক ও গণশিক্ষা কার্যক্রমের বর্তমান অবস্থা, ইহার অন্তরায়গুলি চিহ্নিত করিয়া বাস্তবমুখী কর্মকৌশলের সুপারিশ প্রণয়নের লক্ষ্যে একটি টাস্কফোর্স গঠন এবং মাঠ পর্যায়ে প্রাথমিক ও গণশিক্ষা কর্মসূচীতে জেলা প্রশাসকগণকে আরও সক্রিয় ও নিবিড়ভাবে সম্পৃক্তকরণের সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে। টাস্ক, ফোর্সের কাজ ইতিমধ্যে শুরু হইয়াছে। জেলা প্রশাসনের বিশেষ ভূমিকার প্রেক্ষিতে প্রতি জেলায় একটি করিয়া অতিরিক্ত জেলা প্রশাসক ( শিক্ষা ) পদ সৃষ্টি প্রক্রিয়াধীন।

সম্প্রতি অনুষ্ঠিত জেলা প্রশাসকদের সম্মেলনে সংশ্লিষ্ট বিভাগের পক্ষ হইতে তাঁহাদের বিভিন্ন এলাকায় অবস্থিত প্রাথমিক বিদ্যালয় ও গণশিক্ষা কেন্দ্র পরিদর্শনের জন্য সুপারিশ করিয়া বলা হয়, ইহাতে সুফল পাওয়া যাইতে পারে। জেলা প্রশাসকদের পক্ষ হইতে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষার জন্য বই পুস্তক, আসবাবপত্রের প্রয়োজনীয়তার কথা উল্লেখ করিয়া শিক্ষকের স্বল্পতা দূরীকরণ, বেসরকারী স্কুলে আর্থিক অনুদান বৃদ্ধির সুপারীশ করা হয়। জীর্ণ ও পুরাতন স্কুলগৃহ মেরামত, গৃহনির্মাণের জন্য জরুরী ভিত্তিতে কার্যক্রম গ্রহণ, প্রাথমিক শিক্ষকদের জন্য আন্তঃ জেলা ও আন্তঃ থানা বদলীর ব্যবস্থা, বেসরকারী প্রাথমিক স্কুলের রেজিষ্ট্রেশন সম্পর্কিত নিষেধাজ্ঞা প্রত্যাহার, সরকারী মাধ্যমিক বিদ্যালয়গুলিতে ডবল শিফট ও প্রাথমিক বিদ্যালয়ের শূন্যপদ পূরণের জন্য জরুরী ব্যবস্থা গ্রহণের জন্যও তাহারা তাগিদ দিয়াছেন।